দৈনিক জনকণ্ঠ
তারিখ 26 NOV 2006
পৃষ্ঠা … কলাম …

# মেডিক্যালে ভর্তি পরীক্ষা কিছুতেই বাতিল করা হবে না ॥ স্বাস্থ্য অধিদফতর

**কবির আহমেদ খান ॥** মেডিক্যালে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদে আন্দোলন-সংগ্রাম জোরালো হলেও পরীক্ষা বাতিলের প্রশ্নে অনড় অবস্থানে রয়েছে স্বাস্থ্য অধিদফতর। কোনক্রমেই পরীক্ষা বাতিল করা হবে না। আন্দোলনকারীদের দাবির মুখে স্বাস্থ্য মন্ত্রণালয়ও নিশ্চুপ। স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (চিকিৎসা শিক্ষা) ডা. শেফায়েত উল্লাহর মতে, প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠলেই পরীক্ষা বাতিল করতে হবে কেন? সুনির্দিষ্ট পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা হয়ে থাকে। কতিপয় কোচিং সেন্টার এবং বেশ কিছুসংখ্যক চিকিৎসক এই ধরনের অপপ্রচারের সঙ্গে জড়িত থাকতে পারে বলে তাঁর অভিমত।

স্বাস্থ্য অধিদফতরের পরিচালক জানান, আগামী কয়েকদিনের মধ্যেই সব ক'টি মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের ভর্তি কার্যক্রম শুরু হবে। মেডিক্যাল কলেজগুলোকে ভর্তি কার্যক্রম আগামী ১৭ ডিসেম্বরের মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছে স্বাস্থ্য অধিদফতর। প্রশ্নপত্র ফাঁসের অভিযোগকে আমলে নিচ্ছে না অধিদফতর। শিক্ষার্থীদের আন্দোলন অযৌক্তিক বলেও অধিদফতর মনে করছে। অন্যদিকে ব্যারিস্টার আমীর-উল ইসলাম আজ হাইকোর্টে রিট পিটিশন করবেন বলে আন্দোলনকারীরা জানিয়েছে।

মেডিক্যালে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে

## বিক্ষুব্ধ শিক্ষার্থীদের সমাবেশ মিছিল মানববন্ধন চলছেই

পরীক্ষা বাতিলের দাবিতে শিক্ষার্থী, অভিভাবক, চিকিৎসক ও বিভিন্ন সংগঠন শনিবারও বিক্ষোভ মিছিল, সমাবেশ ও মানববন্ধন করেছে। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে জমায়েত হয়। এখানে দিনভর বক্তব্য, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানা কর্মসূচী পালন করে। পরে তারা শহীদ মিনার থেকে একটি মিছিল হাইকোর্টের সামনে গিয়ে মানববন্ধন করে। তারা প্রেসক্লাবের সামনে গিয়েও মানববন্ধন রচনা করে। এতে ঢাকা মেডিক্যাল, সলিমুল্লাহ মেডিক্যাল, ময়মনসিংহ মেডিক্যালের শিক্ষার্থীদের অভিভাবক ও শিক্ষার্থীরা একাত্মতা প্রকাশ করে। মেডিক্যাল ভর্তি পরীক্ষা বাতিল সংগ্রাম পরিষদ আয়োজিত মানববন্ধনে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট একাত্মতা প্রকাশ করেছে। এছাড়া ছাত্র ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ভর্তি পরীক্ষা বাতিলের দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। আন্দোলনকারী শিক্ষার্থীরা জানিয়েছেন, বিভিন্ন কুচক্রী মহল প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত ছিল, এখন তারা আন্দোলনকে

## মেডিক্যালে ভর্তি

(১২-এর পাতার পর)

নস্যাত করতে হুমকি দিয়ে যাচ্ছে। আজ … ১৪টি মেডিক্যাল কলেজের সামনে অব… পালনের ঘোষণা দিয়েছে আন্দোলনকারীরা।

শনিবার শহীদ মিনারে ভর্তি বাতিলের দাবিতে আন্দোলনকারীদের পাশেই একদল উত্তীর্ণ শিক্ষার্থী ফল বহাল এবং বাতিলের ষড়যন্ত্রকে রুখতে কিছু সময় অবস্থান নেয়। ৩০-৩৫ জনের ওই মিছিলটি পরে সেখান থেকে প্রেসক্লাবে চলে যায়। সংশ্লিষ্টরা অভিযোগ করেছে, কতিপয় কোচিং সেন্টারের ভাড়া করা লোকেরা এই মিছিলটি করেছে। এর মধ্যে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ কিছু শিক্ষার্থীও ছিল। এদিকে ভর্তি পরীক্ষা বাতিলের দাবিতে আন্দোলনকারীরা শনিবার স্বাস্থ্য উপদেষ্টার বাসভবনে গেলে তিনি তাদের সঙ্গে দেখা করেননি বলে জানা গেছে।

পোস্ট গ্রাজুয়েট ডক্টরস এ্যাসোসিয়েশন শনিবার এক জরুরী সভায় মেডিক্যাল কলেজে প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় গভীর উদ্বেগ ও উৎকণ্ঠা প্রকাশ করেছে। নেতৃবৃন্দ অবিলম্বে ভর্তি পরীক্ষারফল বাতিল করে ডিজি হেলথ-এর পদত্যাগ এবং এর সুষ্ঠু তদন্তের মাধ্যমে দোষীদের শাস্তি দাবি করেছেন।

সংগঠনের সহসভাপতি ডা. তারেক মেহেদী পারভেজের সভাপতিত্বে মহাসচিব ডা. রাকিবুল ইসলাম লিটু, ডা. মাহবুবুর রহমান, ডা. এমএ সামাদ, ডা. শনজু, ডা. মামুন সভায় বক্তৃতা করেন।

বাংলাদেশ অভিভাবক পরিষদের আহ্বায়ক হাবিবুর রহমান ভূঞা ও সদস্য সচিব বিজয় তালুকদার মেডিক্যালে ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে বিচার বিভাগীয় তদন্ত দাবি করেছেন। বঞ্চিত গার্ডিয়ানদের পক্ষে মিজানুর রহমান এক বক্তব্যে বলেছেন, অবিলম্বে প্রকাশিত ফলাফলকে বাতিল করে পুনরায় পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে না পারলে মেধাবী ছাত্রদের স্থলে অসৎপন্থা অবলম্বনকারীরা উৎসাহিত হবে। তিনি প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত কোচিং সেন্টারের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার আহ্বান জানিয়েছেন।

বাংলাদেশ মেডিক্যাল এ্যাসোসিয়েশন গভীর উদ্বেগ প্রকাশ করে মেডিক্যালে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ও ফল নিয়ে জনমনে যে সন্দেহ ও বিভ্রান্তির সৃষ্টি হয়েছে তার নিরসন হওয়া প্রয়োজন বলে এক বিবৃতিতে জানিয়েছেন। স্বাস্থ্য মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদফতরকে অবিলম্বে যথাযথ পরীক্ষা-নিরীক্ষা সাপেক্ষে বস্তুনিষ্ঠ তথ্য প্রকাশের আহ্বান